

## কেবল কার স্থাপনের চিন্তা কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের

- A Monitor Desk Report

Date: 15 September, 2023



কক্সবাজার-মহেশখালী এবং কক্সবাজার-টেকনাফ কেবল কার স্থাপনের পরিকল্পনা নেয়া হয়েছে বলে জানিয়েছেন কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের (কউক) চেয়ারম্যান কমডোর মোহাম্মদ নুরুল আবছার। এতে পর্যটন নগরী কক্সবাজারে ভ্রমণে আসা পর্যটকের বিনোদনে যুক্ত হবে ভিন্ন মাত্রা।

কউক ভবনের মাল্টিপারপাস হলে ইন্টারনাল স্টাডি ট্যুর অব ক্যাপস্টোন কোর্সের ফেলোদের সঙ্গে মতবিনিময় শেষে তিনি এসব জানান।

মোহাম্মদ নুরুল আবছার বলেন, ‘কক্সবাজারে ব্যাপক উন্নয়নের পরিকল্পনা হাতে নিয়েছে সরকার। এরই মধ্যে জেলায় অভাবনীয় উন্নয়ন সম্পন্ন হয়েছে। চলমান উন্নয়ন ছাড়াও বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে কক্সবাজারকে সর্বোচ্চ আকর্ষণীয় এবং ট্যুরিজম জোন হিসেবে গড়ে তুলতে মাস্টারপ্ল্যানের উদ্যোগ নেয়া হয়েছে। এর মধ্যে কক্সবাজার-মহেশখালী এবং কক্সবাজার-টেকনাফ কেবল কার স্থাপনের পরিকল্পনা নেয়া হয়েছে। সাবরাং ট্যুরিজম পার্কে আন্ডার সি অ্যাকুরিয়াম, সার্কুলার বাস টার্মিনাল, মেরিনা বে রিসোর্ট, খুরুশকুল স্মার্ট সিটি, থিম পার্ক, ইকো রিসোর্ট, চৌফলদণ্ডীতে রিভাররেইন ট্যুরিজম করা হচ্ছে। যত দূর সম্ভব এ উন্নয়নগুলো বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে সরকার।’

তিনি বলেন, ‘কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ দেশের সবচেয়ে বড় মহাপরিকল্পনা প্রকল্প গ্রহণ করেছে। সেগুলো একে একে বাস্তবায়ন হচ্ছে। এরই মধ্যে অনেক কিছুর পরিবর্তন হয়েছে এবং মেগা প্রকল্পসহ অনেক কাজ চলমান। কয়েক বছরের মধ্যে হাতে নেয়া উন্নয়ন প্রকল্পগুলো শেষ করলে একটি উন্নত মডেল কক্সবাজার উপহার দেয়া সম্ভব হবে।’ সভায় কক্সবাজারকে একটি আন্তর্জাতিক মানের পর্যটন নগরী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে গৃহীত পরিকল্পনা ও চলমান কর্মকাণ্ড উপস্থাপন করেন কউক চেয়ারম্যান।

আরও পড়ুন: [বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে ঢাকায় আয়োজন করা হচ্ছে ৪ দিনের বাংলাদেশ ফেস্টিভ্যাল](#)

তিনি বলেন, ‘প্রধানমন্ত্রীর স্বপ্ন বাস্তবায়নে এবং কক্সবাজারকে একটি নিরাপদ, আধুনিক ও পরিকল্পিত পর্যটন নগরীতে রূপ দিতে কউক এরই মধ্যে কক্সবাজারের মহাপরিকল্পনা প্রণয়নের কাজ শুরু করেছে। পাশাপাশি পর্যটন উন্নয়ন, আবাসন ও যোগাযোগের উন্নয়নসংক্রান্ত প্রকল্পের

কাজেও হাত দিচ্ছে। পরিকল্পনাধীন প্রকল্প বাস্তবায়িত হলে আগামী এক দশকের মধ্যে কক্সবাজার একটি আন্তর্জাতিক পর্যটন নগরীতে রূপান্তরিত হবে।’

বিনিয়োগকারীদের জন্য কক্সবাজারকে একটি আকর্ষণীয় গন্তব্য উল্লেখ করে তিনি বলেন, ‘কউক তার বাস্তবায়নাধীন প্রকল্পগুলোয় দেশী-বিদেশী বিনিয়োগকারীদের স্বাগত জানাচ্ছে।’

**-B**